

৭.২ বাংলাদেশ বিমান বাহিনী

৫। বিমান বাহিনীতে কর্মরত সদস্যগণের সন্তান/সন্তানাদির বয়স ২২ বৎসর পূর্তির পর এবং ৫ সদস্যের অধিক জনের জন্য নগদ মূল্যে রেশন প্রদানে সরকারের ক্ষতি ২,৩৩,৯২২ টাকা।

সেনা সদর, কিউ এম জি'র শাখা (সরবরাহ ও যান পরিদপ্তর) পত্র নং-৪৫৭৪/১/এসটি-৬ বি, তারিখ ৬/৪/৮২ মোতাবেক সন্তানের বয়স ২২ বৎসরপূর্ণ/বিবাহ/চাকুরী লাভ করিলে রেশন প্রাপ্য হইবে না। উক্ত আদেশে সন্তান সহ অনধিক ৫ জন পর্যন্ত সদস্যকে নগদ মূল্যে রেশন প্রদানের আদেশ জারী করা হয়।

সেনা সদরের উক্ত আদেশ অনুযায়ী প্রতিরক্ষা বিভাগের সকল বাহিনীর সদস্যগণের সন্তানদের বয়স ২২ বৎসর পূর্ণ হওয়া পর্যন্ত নগদ মূল্যে রেশন প্রাপ্য হইবেন। কিন্তু আলোচ্য বিমান বাহিনীর বিভিন্ন ঘাঁটি সমূহের ১৯৯৫-৯৬, ৯৬-৯৭ এবং ৯৭-৯৮ সালের হিসাব নিরীক্ষাকালে পরিলক্ষিত হয় যে, বিমান বাহিনীতে নিয়োজিত সামরিক/বেসামরিক সদস্যগণের সন্তানদের জন্য কোনরূপ সুনির্দিষ্ট বয়স সীমা না রাখিয়া ২২ বৎসর পূর্ণ হওয়ার পরও সংশ্লিষ্ট কর্মচারী চাকুরীতে থাকা কালীন সময়ে সর্বমোট ৫ জনের অতিরিক্ত ইউনিট সংখ্যা দেখাইয়া রেশন প্রদান করায় সংযুক্ত পরিশিষ্ট-৩ এর বর্ণনা মোতাবেক ২,৩৩,৯২১/৯৩ টাকা সরকারের ক্ষতি সাধিত হইয়াছে, যাহা আদায়ের জন্য প্রাথমিক আপত্তিকালে অনুরোধ করিলে স্থানীয় কর্তৃপক্ষ জানান যে, এয়ারফোর্স ইনস্ট্রাকশন (পাকিস্তান) ৪০/৫১ এর প্রাধিকারের ভিত্তিতে নগদ মূল্যে রেশন সামগ্রী প্রদান করা হইতেছে। জবাব গ্রহণযোগ্য নহে। কারণ উক্ত আদেশে সন্তানদের বয়সসীমা নির্ধারণ করা হয় নাই।

অতঃপর আপত্তিসমূহকে বিভিন্ন সময়ে জারীকৃত স্থানীয় নিরীক্ষা প্রতিবেদনে অন্তর্ভুক্ত করিয়া সংশ্লিষ্ট ইউনিট/ফরমেশনকে অবহিত করা হয়। পরবর্তীতে আপত্তি নিষ্পত্তির সহায়ক জবাব না পাওয়ায় বিষয়টিকে গুরুতর আর্থিক অনিয়ম হিসাবে চিহ্নিত করিয়া ১৪/১০/৯৯ তারিখে সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় বরাবরে ইস্যু করা হয়। কিন্তু কোন জবাব না পাওয়ায় ১/৩/২০০০ইং তারিখে আধা সরকারী পত্রের মাধ্যমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে ৪ (চার) সপ্তাহের মধ্যে নিষ্পত্তি মূলক জবাব প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। উক্ত আধা সরকারী পত্রের প্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক নিষ্পত্তিমূলক কোন জবাব বা টাকা আদায়ের কোন অগ্রগতি জানা যায় নাই।

অতএব, পরিশিষ্টে দেখানো আপত্তিকৃত ২,৩৩,৯২২ টাকা জরুরী ভিত্তিতে আদায় ও হিসাবভুক্ত করা প্রয়োজন।